ক্যান্টমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, বিইউএসএমএস, পার্বতীপুর, দিনাজপুর

শ্রেণি - অষ্টম, বিষয় : বাংলা ২য়

ভাষা, ধ্বনি ও বর্ণ

১। মানুষের মুখ থেকে বেরিয়ে আসা অর্থপূর্ণ কতকগুলো আওয়াজ বা ধ্বনির সমষ্টি কী বলে? - ভাষা।

২। অর্থপূর্ণ ধ্বনিকে ভাষার কী বলা হয় ? - প্রাণ।

৩। স্থান, কাল ও সমাজভেদে কীসের রূপভেদ দেখা যায় ? - ভাষার।

৪। ধ্বনি সৃষ্টি হয় কীসের সাহায্যে ? - বাগযন্ত্রের সাহায্যে।

৫। মানুষের গলনালি দাঁত, মুখবিবর, কণ্ঠ, জিহ্বা, তালু, নাক ইত্যাদিকে কী বলা হয় ? - বাগযন্ত্র।

৬। ধ্বনির অর্থপূর্ণ মিলনে কী গঠিত হয় ? - শব্দ।

৭। একাধিক শব্দের সমন্বয়ে অর্থের ধারাবাহিকতায় কী তৈরি হয় ? - বাক্য।

৮। পরিবর্তনশীলতার কারণে ভাষাকে কীসের সাথে তুলনা করা হয় ? - নদীর সাথে।

৯। ভাষা স্থির হয়ে গেলে কীসে পরিণত হয় ? - মৃত ভাষার।

১০। মানুষ জন্মলগ্ন থেকে স্বাভাবিকভাবে যে ভাষা শেখে তাকে কী বলে ? - মাতৃভাষা।

১১। রাষ্ট্রীয় কাজে ব্যবহারের জন্য কোনো দেশের সংবিধানসিদ্ধ ভাষাকে কী বলে ? - রাষ্ট্রভাষা।

১২। ভাষারীতি কত প্রকার ? - দুই প্রকার।

১৩। ভাষারীতি কী কী ? - সাধুরীতি ও চলিত রীতি।

১৪। চলিত রীতির কয়টি রূপ ? - দুইটি।

১৫। চলিত রীতির রূপ কী কী ? - লেখ্য ও কথ্য

১৬। অঞ্চল কালভেদে কোন ভাষার পরিবর্তন হয় না ? - সাধু ভাষা।

১৭। কোন ভাষার পদবিন্যাস সুনিয়ন্ত্রিত ও সুনির্দিষ্ট ব্যাকরণের সুনির্ধারিত নিয়ম অনুসরণ করে চলে ? - সাধুভাষা।

১৮। কোন ভাষা শুধু লেখার কাজে ব্যবহৃত হয় ? - সাধু ভাষা।

১৯। কথাবার্তা, বকৃতা, ভাষনে উপযোগী নয় কোন ভাষার ? সাধু ভাষা।

২০। সর্বনাম ও ক্রিয়াপদে পূর্ণরূপ ব্যভহৃত হয় কোন ভাষা ? - সাধু ভাষায়।

২১। সর্বজনগ্রাহ্য মার্জিত গতিশীল ভাষা কোনটি ? - চলিত ভাষা।

২২। কোন ভাষা একাধারে লেখা ও কথার কাজে ব্যবহৃত হয় ? - চলিত ভাষা।

২৩। কোন ভাষায় ব্যাকরণের নিয়ম না মেনে সহজ সরল ও সাবলীল এবং জীবন্ত ? - চলিত ভাষা।

২৪। কোন ভাষায় সংস্কৃত শব্দের ব্যবহার বেশি ? - সাধু ভাষায়।

২৫। বক্তৃতা ও সংলাপে উপযোগী কোন ভাষা ? - চলিত ভাষা।

২৬। যে ধ্বনি উচ্চারনের সময় ফুসফুস তাড়িত বাতাস মুখ বিবরের কোথাও বাধা পডায় না তাকে কী বলে ? - স্বরধ্বনি।

২৭। যে ধ্বনি উচ্চারনের সময় ফুসফুস তাড়িত বাতাস মুখ বিবরের কোথাও বাধা পডায় তাকে কী বলে ? - ব্যঞ্জনধ্বনি।

২৮। মৌলিক স্বরধ্বনি কয়টি ? - ৭টি।

২৯। স্বরবর্ণের সংক্ষিপ্ত রূপকে কী বলে ? - কার।

৩০। ব্যঞ্জনবর্ণের সংক্ষিপ্ত রূপকে কী বলে ? - ফলা।

৩১। বাংলা বর্ণমালায় বর্ণ কয়টি ? - ৫০টি।

৩২। ফলা কয়টি ? - ৬টি।

৩৩। কার কয়টি ? - ১০টি।

৩৪। কোনটি নিলীন বর্ণ ? - অ

৩৫। ক - ম পর্যন্ত ধ্বনিগুলোকে কী ধ্বনি বলে ? - বর্গীয় ধ্বনি, শিষ ধ্বনি, স্পর্শ স্পৃষ্ট ধ্বনি।

৩৬। বগের প্রথৃম ও তৃতীয় ধ্বনিকে কোন ধ্বনি বলে ? - অল্পপ্রাণ ধ্বনি।

৩৭। বর্গের দ্বিতীয় ও চতুর্থ ধ্বনিকে কোন ধ্বনি বলে ? - মহাপ্রাণ ধ্বনি।

৩৮। বর্গের শেষ ধ্বনিকে কোন ধ্বনি বলে ? - নাসিক্য ধ্বনি।

সন্ধি

১। সন্ধি শব্দের অর্থ কী ? - মিলন।

২। সন্ধিতে কয় ধরনের মিলন হয় ? - চার ধরনের।

৩। বাংলা সন্ধি কয় প্রকার ? - দুই প্রকার।

৪। সংস্কৃত সন্ধি কয় প্রকার ? - তিন প্রকার।

৫। বাক্যের মধ্যে ব্যবহৃত প্রতেকটি অর্থ বোধক শব্দকে কী বলে ? - পদ।

৬। পদ কয় প্রকার ? - পদ পাঁচ প্রকার।

৭। লিঙ্গ কত প্রকার ? - চার প্রকার।

৮। ‘মেধাবী’ কোন লিঙ্গ ? - পুরুষ লিঙ্গ।

৯। যে পদ দ্বারা কাজ করা বোঝায় তাকে কী বলে ? - ক্রিয়াপদ।

১০। ক্রিয়ার মূল অংশকে কী বলে ? - ধাতু।

১১। ধাতু কত প্রকার ? - তিন প্রকার।

১২। মৌলিক ধাতু কত প্রকার ? - তিন প্রকার।

১৩। সাধিত ধাতু কত প্রকার ? - তিন প্রকার।

১৪। ক্রিয়ার কাল কত প্রকার ? - তিন প্রকার।

১৫। কোন কিছুর স্বাভাবিক বা কাল্পনিক অনুকৃতি বিশিষ্ট শব্দের রুপকে কী বলে ? - ধ্বন্যাত্মক শব্দ বলে ?

১৬। শব্দের অনুকরণে বা বিকারে যে সব শব্দের সৃষ্টি হয়, তাকে কী বলে ? অনুকার শব্দ।

১৭। একই শব্দ পরপর দুইবার ব্যবহৃত হয়ে বিশিষ্ট অর্থ প্রকাশ করলে তাকে কী বলে ? - দ্বিরুক্ত শব্দ বা শব্দদ্বৈত।

১৮। এক বা একাধিক অর্থপূর্ণ ধ্বনির সমষ্টিকে কী বলে ? - শব্দ বলে।

১৯। শব্দের প্রাণ কী ? অর্থ।

২০। শব্দের আদিতে কী বসে ? - উপসর্গ।

২১। কী কী উপায়ে শব্দ গঠিত হয় ? - কার, ফলা, উপসর্গ, অনুসর্গ, সন্ধি, মৌলিক শব্দ, সমাস, প্রত্যয় এবং শব্দ দ্বৈতের সাহায্যে।

২২। মিথ্যুক শব্দের সন্ধিবিচ্ছেদ কর- মিথ্যা + উক

২৩। উচ্চারণ শব্দের সন্ধিবিচ্ছেদ কর - উৎ + চারণ

২৪। সোনালি শব্দের সন্ধিবিচ্ছেদ কর - সোনা + আলি

২৫। সংকীর্ণ শব্দের সন্ধিবিচ্ছেদ কর - সম + কীর্ণ

২৬। পরীক্ষা শব্দের সন্ধিবিচ্ছেদ কর - পরি + ঈক্ষা

২৭। রবীন্দ্র শব্দের সন্ধিবিচ্ছেদ কর - রবি + ঈন্দ্র

২৮। কটূক্তি শব্দের সন্ধিবিচ্ছেদ কর - কটু + উক্তি

২৯। আন্না শব্দের সন্ধিবিচ্ছেদ কর - আর + না

৩০। কথোপকথন শব্দের সন্ধিবিচ্ছেদ কর - কথা + উপকথন

৩১। ক্ষুধার্থ শব্দের সন্ধিবিচ্ছেদ কর - ক্ষুধা + ঋত

৩২। ভাবুক শব্দের সন্ধিবিচ্ছেদ কর - ভৌ + উক

৩৩। দিগন্ত শব্দের সন্ধিবিচ্ছেদ কর - দিক + অন্ত

৩৪। কতগুলো পুরুষবাচক শব্দের আগে কোন শব্দ বসে? - স্ত্রী বাচক

৩৫। কোনো কোনো শব্দের শেষে পুরুষ ও স্ত্রীবাচক শব্দ যোগ করে কী হয়? - লিঙ্গান্তর

৩৬। বচন শব্দের অর্থ কী? - সংখ্যার ধারণা

৩৭। আমি পড়ি কোন কাল? - বর্তমান কাল

৩৮। গতকাল ঢাকা গিয়েছিলাম কোন কাল? - অতীত কাল

৩৯। বৃষ্টি আসবে কোন কাল? ভবিষ্যত কাল

৪০। দুয়ে দুয়ে চার হয় কোন কাল? - সাধারণ বর্তমান

৪১। ছেলেরা এখনো ফুটবল খেলছে- কোন কাল? - ঘটমান বর্তমান

৪২। অবশেষে আমি ইংরেজি পড়া শেষ করেছি - কোন কাল? - পুরাঘটিত বর্তমান কাল

৪৩। আমি খেলা দেখে এলাম কোন কাল? - সাধারণ অতীত

৪৪। সুমন বই পড়ছিল কোন কাল? - ঘটমান অতীত

৪৫। আমি রাজশাহী গিয়েছিলাম কোন কাল? - পুরাঘটিত অতীত

৪৬। বাবা প্রতিদিন বাজার করতেন কোন কাল - নিত্যবৃত্ত অতীত

৪৭। আমি হব সকাল বেলার পাখি কোন কাল ? - সাধারণ ভবিষ্যত

৪৮। মনিসা দৌড়াতে থাকবে কোন কাল - ঘটমান ভবিষ্যত

৪৯। কাঞ্চন বোধহয় কঠিন অংকটা বুঝে থাকবে কোন কাল? -পুরাঘটিত ভবিষ্যত

৫০। তোমরা কাজ কর কোন কাল? - বর্তমান কালের অনুজ্ঞা

বাক্য, বিরামচিহ্ন ও বানান

১। এক বা একাধিক পদের দ্বারা যখন বক্তার মনের ভাব সম্পূর্ণরূপে প্রকাশ পায় তাকে কী বলে ? - বাক্য।

২। সাধারণত কী পদ নিয়ে বাক্য গঠিত হয় ? - কর্তা, কর্ম, ক্রিয়াপদ।

৩। বাক্য গঠনের শর্ত কী কী ? - আকাঙ্খা, আসক্তি, যোগ্যতা।

৪। প্রতিটি বাক্যের কয়টি অংশ ? - দুটি। উদ্দেশ্য, বিধেয়।

৫। গঠন অনুসারে বাক্য কত প্রকার ? - তিন প্রকার।

৬। বিরামচিহ্ন কয়টি ? - ১২টি।

৭। প্রান্তিক বিরামচিহ্ন কয়টি ? - ৩টি।

৮। বাংলাদেশে সাধারণত মানা হয় কোন বানানরীতি ? - বাংলা একাডেমি।

৯। ভাষা ও জাতির নামের শেষে কোন কার হবে ? - ই-কার।

১০। যুক্ত ব্যঞ্জনে ঋ, র, ষ, এর পর ট বর্গীয় বর্ণে কী বসে ? - ণ

১১। রেফ এর পর ব্যঞ্জন বর্ণে কী হবে না ? - দ্বিত্ব হবে না।

১২। বিশেষণবাচক 'আলি' প্রত্যয়যুক্ত শব্দের শেষে কোন কার বসে ? - ই-কার।

১৩। প্রত্যয় ও বিভক্তিহীন শব্দের শেষে কী ব্যবহৃত হয়? - অনুস্বার

১৪। ঋ, র এর পর কী হয়? - ষ

১৫। অ, আ ব্যতিত অন্য স্বর ধ্বনিতে যুক্তব্যঞ্জনে কী বসে? - ষ

১৬। ই- কারান্ত ও উ-কারান্ত উপসর্গের পর কতগুলো ধাতুতে কী বসে? - ষ

১৭। যুক্তব্যঞ্জনে তৎসম শব্দে ট বর্গের পূর্বে কী বসে? - ষ

১৮। যুক্তব্যঞ্জনে অ তৎসম শব্দে কী বসে? - স

১৯। প্র, পরা, পরি, নীর এই চারটি উপসর্গের পর কী বসে? - ণ

২০। যুক্তব্যঞ্জনে অ তৎসম শব্দে ট বর্গের পূর্বে কী বসে? - ন

২১। যুক্তব্যঞ্জনে তৎসম শব্দে ট বর্গের পূর্বে কী বসে? - ণ

২২। সন্ধি ও সমাস যোগে গঠিত শব্দের বানানে কী থাকে? - ন

২৩। তদ্ভব, দেশি ও বিদেশি শব্দে কী বসে? - ন

২৪। আনো প্রত্যয়ান্ত শব্দের শেষে কোন কার হয়? - ও কার

২৫। পদান্তে কী বসে না? - বিসর্গ

২৬। পদের মাঝে প্রয়োজন অনুসারে কী বসে? - বিসর্গ

২৭। বর্তমান অনুজ্ঞার সামান্যরূপে পদান্তে কী বসে? - ও কার

২৮। ক্রিয়াপদের পদান্তে কী অপরিহার্য নয়? - ও কার

২৯। অর্থ ও উচ্চারণ বিভ্রান্তির সুযোগ থাকলে কিছু বিশেষ্য, বিশেষণ ও অব্যয় পদের শেষে কী বসে? - ও কার

৩০। কিছু স্ত্রীবাচক শব্দের শেষে সাধারণত কী বসে? - ঈ-কার

৩১। বাক্যের অর্থ স্পষ্ট করার জন্য কী বসে? কমা

৩২। একাধিক বাক্য সংযোজক অব্যয়ের দ্বারা যুক্ত না হলে কী বসে? - সেমিকোলন

৩৩। দুটি বাক্যের মধ্যে ভাব বা অর্থের সম্বন্ধ থাকলে কী বসে? - সেমিকোলন

৩৪। খোকন বই পড়ছে - কোন ধরনের বাক্য? - সরল

৩৫। যিনি পরের উপকার করেন, তাকে সবাই শ্রদ্ধা করে - কোন ধরনের বাক্য? - জটিল বা মিশ্র

৩৬। লোকটি ধনী কিন্তু কৃপণ - কোন ধরনের বাক্য? - যৌগিক

৩৭। পলাশ মন দিয়ে লেখাপড়া-- বাক্যে কীসের অভাব রয়েছে? - আকাঙ্ক্ষা

৩৮। বাবা বাজার ইলিশ থেকে এনেছেন - বাক্যে কীসের অভাব? -আসত্তি

৩৯। আমরা বড়শি দিয়ে নারিকেল পারি- বাক্যে কীসের অভাব রয়েছে? - যোগ্যতা

৪০। যারা ভালো ছেলে - এটি কোন ধরনের বাক্য? - অধীন খণ্ড বাক্য

৪১। তারা শিক্ষকের আদেশ পালন করে - কোন ধরনের বাক্য? - স্বাধীন খণ্ড বাক্য

৪২। যখন বিপদ আসে, তখন দুঃখ আসে- কোন বাক্য? - জটিল

৪৩। একই ধরনের একাধিক বাক্য বা বাক্যাংশকে আলাদা করতে কী বসে? -কমা

৪৪। বাক্যে উদ্ধৃতি চিহ্নের আগে কী বসে? - কমা

৪৫। যে সব অব্যয় বৈপরীত্য বা অনুমান প্রকাশ করে তাদের আগে কী বসে? - সেমিকোলন

৪৬। উদাহরণ বা দৃষ্টান্ত বোঝাতে কী বসে? - কোলন

৪৭। দুটি শব্দের সংযোগ বোঝাতে কী বসে? - হাইফেন

৪৮। সমাসবদ্ধ পদের অংশগুলো বিচ্ছিন্ন করে দেখাবার জন্য কী বসে? - হাইফেন

৪৯। একই ধরনের বাক্য প্রকাশের ক্ষেত্রে কী বসে? - হাইফেন

৫০। অনুস্বার যুক্ত শব্দে প্রত্যয়, বিভক্তি বা স্বরবর্ণ যুক্ত হলে ং এর স্থলে কী বসে? - ঙ